গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
বাড়ি নং-৪৪, সড়ক নং-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmeat.gov.bd: ফ্যাক্স: ০২-৮১৯১০১৯

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

নং-৩৭.২৪.০০০০.০০০.০৮.০০১.২২-৩০

তারিখ: ১০ শ্রাবন, ১৪২৯ বঙ্গাব্দ
২৫ জুলাই ২০২২ খ্রিষ্টাব্দ

## "বঙ্গবন্ধু শেখ মুজিব স্কলার" নির্বাচন ও অ্যাওয়ার্ড প্রদানের জন্য আবেদন আহবান।

সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, সোনার বাংলার স্বপ্নদ্রষ্টা জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর শিক্ষা ও গবেষণা ভাবনায় পরবর্তী প্রজন্মকে উজ্জীবিত করার লক্ষ্যে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের উদ্যোগে অনন্য মেধাবী শিক্ষার্থীদেরকে স্বীকৃতি ও উৎসাহ প্রদানের লক্ষ্যে দেশের অভ্যন্তরীণ সকল সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়/কলেজে স্নাতকোত্তর (Post Graduation) পর্যায়ে অধ্যয়নরত শিক্ষার্থীদের নিকট থেকে নিম্নবর্ণিত শর্তে ও নির্ধারিত আবেদনপত্রে দরখাস্ত আহবান করা হলো :

ক) অধিক্ষেত্র :

| ক্রমিক | অধিক্ষেত্র |
|---|---|
| ১. | সামাজিক বিজ্ঞান (Social Science); |
| ২. | কলা ও মানবিক (Arts & Humanities); |
| ৩. | ব্যবসায় শিক্ষা (Business Studies); |
| ৪. | আইন (Law); |
| ৫. | ভৌত বিজ্ঞান (Physical Science); |
| ৬. | গাণিতিক বিজ্ঞান (Mathematical Science); |
| ৭. | জীব বিজ্ঞান (Biological Science); |
| ৮. | কৃষি বিজ্ঞান (Agricultural Science); |
| ৯. | সমুদ্র বিজ্ঞান/পরিবেশ বিজ্ঞান/পরমাণু বিজ্ঞান (Marine Science/Environmental Science/ Nuclear science) |
| ১০. | ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি (Engineering & Technology) |
| ১১. | টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং (Textile Engineering) |
| ১২. | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি/এমার্জিং টেকনোলজি (Information and Communication Technology /Emerging Technology); |
| ১৩. | শিক্ষা ও উন্নয়ন (Education & Development); |
| ১৪. | চিকিৎসা বিজ্ঞান (Medical science); |
| ১৫. | চারু ও কারু (Fine Arts); |
| ১৬. | ধর্মীয় শিক্ষা (Religious Studies) |

খ) সামাজিক বিজ্ঞান, কলা ও মানবিক, ব্যবসায় শিক্ষা, ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি, চিকিৎসা বিজ্ঞান এবং কৃষি বিজ্ঞান অধিক্ষেত্রে (দুই) ০২ জন এবং অবশিষ্ট অধিক্ষেত্রগুলোতে এক জন করে মোট বাইশ (২২) জন চূড়ান্তভাবে "বঙ্গবন্ধু শেখ মুজিব স্কলার" হিসেবে নির্বাচন এবং অ্যাওয়ার্ড প্রদান করা হবে। **বঙ্গবন্ধু শেখ মুজিব স্কলারকে প্রাইজমানি হিসেবে তিন (০৩) লক্ষ টাকা, একটি সার্টিফিকেট এবং ক্রেস্ট প্রদান করা হবে।**

গ) আবেদনের নিয়ম ও শর্তাবলি :

১. 'বঙ্গবন্ধু শেখ মুজিব স্কলার নির্বাচন ও অ্যাওয়ার্ড প্রদান নির্দেশিকায়' বর্ণিত শর্ত, যোগ্যতা এবং অন্যান্য বিষয়াদি অনুসরণপূর্বক শিক্ষার্থীদেরকে আবেদন করতে হবে। এ নির্দেশিকা এবং আবেদনপত্রের ফরম ট্রাস্টের ওয়েবসাইটে (www.pmeat.gov.bd) পাওয়া যাবে।

২. **বৃত্তির জন্য অবশ্যই এসএসসি ও এইচএসসিতে জিপিএ ৫.০০ (স্কেল ৫.০০ এর ক্ষেত্রে) এবং স্নাতকে জিপিএ/সিজিপিএ ৩.৭০ (স্কেল ৪.০০ এর ক্ষেত্রে) থাকতে হবে;**

৩. **সরকারি-বেসরকারি বিশ্ববিদ্যালয়/কলেজে স্নাতকোত্তর (Post Graduation) শ্রেণিতে ভর্তির নিশ্চয়তা পেয়েছেন বা ভর্তিকৃত এমন শিক্ষার্থীগণ সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে আবেদন করবেন।** আবেদনপত্রের সাথে সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, নম্বরপত্র ও এক্সট্রা কারিকুলার অ্যাকটিভিটিজ'র সনদের সত্যায়িত অনুলিপি সংযোজন করতে হবে;

৪. পূরণকৃত আবেদন ফরম **আগামী ৩১ আগস্ট ২০২২ তারিখের মধ্যে** ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট বরাবর রেজিস্টার্ড ডাকযোগে বা সরাসরি পৌঁছাতে হবে। **নির্ধারিত তারিখ ও সময়ের পর প্রাপ্ত কোনো আবেদনপত্র বিবেচনা করা হবে না।**

৫. কর্তৃপক্ষ যে কোনো সময় এ বিজ্ঞপ্তি বাতিল/পরিবর্তন এবং যে কোনো আবেদন বিবেচনা/বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

২৫.০৭.২০২২

(নাসরীন আফরোজ)
ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন: ০২-৮১৯২২০০
ই-মেইল: md@pmeat.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
উপ-পরিচালকের দপ্তর
বাড়ি-৪৪, সড়ক-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmeat.gov.bd;ফ্যাক্স: ০২-৮১৯১০১৯

স্মারক নম্বর: ৩৭.২৪.০০০০.০০০.০৮.০০১.২২.৩৮

তারিখ: ২৩ শ্রাবণ ১৪২৯
০৭ আগস্ট ২০২২

বিষয়: **‘বঙ্গবন্ধু শেখ মুজিব স্কলার’ নির্বাচন ও অ্যাওয়ার্ড প্রদান ২০২২ এর বিজ্ঞপ্তিটি বহুল প্রচার সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর শিক্ষা ও গবেষণা ভাবনায় পরবর্তী প্রজন্মকে উজ্জীবিত করার লক্ষ্যে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট হতে দেশের স্নাতকোত্তর (Post Graduate) পর্যায়ে অধ্যায়নরত মেধাবী শিক্ষার্থীদের উৎসাহিতকরণের লক্ষ্যে প্রতিযোগিতার মাধ্যমে ‘বঙ্গবন্ধু শেখ মুজিব স্কলার’ অ্যাওয়ার্ড প্রদান সংক্রান্ত বিজ্ঞপ্তি গত ৩১ জুলাই ২০২২ তারিখ ‘দৈনিক প্রথম আলো’ ও ‘দৈনিক বাংলাদেশ প্রতিদিন’ এবং ‘The Daily Star’ পত্রিকায় প্রকাশিত হয়।

২। এমতাস্থায়, উক্ত বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের উদ্দেশ্যে সদয় ব্যবস্থা গ্রহণের জন্য এ সঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি:
১। ‘বঙ্গবন্ধু শেখ মুজিব স্কলার’ অ্যাওয়ার্ড প্রদান সংক্রান্ত বিজ্ঞপ্তি ।

৭-৮-২০২২
কাজী দেলোয়ার হোসেন
পরিচালক
ফোন: ০২-৫৫০০০৪২৬
ইমেইল: director@pmeat.gov.bd

বিতরণ :
১) বিভাগীয় কমিশনার (সকল)
২) জেলা প্রশাসক (সকল)
৩) জেলা শিক্ষা অফিসার (সকল)
৪) উপজেলা নির্বাহী অফিসার (সকল)
৫) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস (সকল)